

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-৩ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০৬.২০১৭-৬৫


তারিখ: ০২/০৪/২০১৭ খ্রি:।

বিষয়: ঢাকা ওয়াসা রাজস্ব জোন-১ এর ২০১২-২০১৩ অর্থ বছরের অনিস্পন্ন আপত্তির পুন: জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.১০২.০০.০০.৫৪০.২০১৫.ভ-৩.৪১ তারিখ: ০৭/০২/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ঢাকা ওয়াসার রাজস্ব জোন-১ এর ২০১২-২০১৩ সালের অডিট আপত্তির নিম্নোক্ত সকল ত্রুটিসমূহ জবাব সুস্পষ্ট প্রমাণকসহ (পতাকা চিহ্নিত করে) আগামী ০৭/০৪/২০১৭ খ্রি: তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় যথাসময়ে জবাব পাওয়া না গেলে অডিট আপত্তির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

- (১) ১ নং অনুচ্ছেদে ভ্যাটের টাকা জমা প্রদান সংক্রান্ত সুস্পষ্ট সকল চালানের কপি;
- (২) ২ নং অনুচ্ছেদের জবাবে ২২ জন গ্রাহকের মধ্যে ১ জনের বকেয়া পরিমাণ ১৮,৮৬১/- টাকা উল্লেখ থাকলেও ২১ জন গ্রাহকের মোট আদায়কৃত টাকার পরিমাণ ও সরকারী কোষাগারে টাকা জমার প্রমাণক ও অনাদায়ী টাকা কতদিন যাবত আদায়ের চেষ্টা অব্যাহত আছে এবং অবশিষ্ট ১ জনের টাকার হিসাবসহ সুস্পষ্ট হিসাব ;
- (৩) ৩ নং অনুচ্ছেদে ০৮ জন গ্রাহকের মধ্যে ০৬ জনের সম্পূর্ণ ও ০১ জনের আংশিক বিল পরিশোধিত। অন্য ০১ জনের নাম তালিকায় না থাকায় উক্ত ১ জন গ্রাহকের আদায়কৃত টাকা ও জনাব আজিম উদ্দিনের আংশিক বকেয়া টাকা আদায়ের সকল প্রমাণকসহ সুস্পষ্ট জবাব;
- (৪) ৪ নং অনুচ্ছেদে ১১ জন গ্রাহকের নাম ও হিসাব নম্বর অস্পষ্ট থাকায় টাকার পরিমাণ পরিষ্কার বুঝা যায় না বিধায় বর্ণিত ১১ জন গ্রাহকের নামের তালিকা ও হিসাব নম্বরসহ সুস্পষ্ট হিসাব; এবং
- (৫) ৫ নং অনুচ্ছেদে ১৩ জন গ্রাহকের প্রত্যয়নপত্র হাতের লেখা অস্পষ্ট ছায়ালিপি হওয়ায় পড়া ও বুঝা যায়না বিধায় বর্ণিত গ্রাহকগণের নামের প্রত্যয়নপত্র ও টাকার হিসাব।

  
(মো: আব্দুল ওয়াহাব রাশেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৭২০১

ব্যবস্থাপনা পরিচালক,

ঢাকা ওয়াসা

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ

ঢাকা-১২১৫।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্ম-সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১, ঢাকা ওয়াসা, ফকিরাপুল, ঢাকা।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। অফিস কপি/মাষ্টার কপি।